



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত



২১ সেপ্টেম্বর ২০২৩-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উদ্বোধনী পর্বে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, “মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সুদৃঢ় নেতৃত্ব, তাঁর চিন্তা ও কর্মপরিকল্পনার কারনেই বহির্বিশ্বে বাংলাদেশের ইমেজ এখন অনেক পজিটিভ, একসময় আমাদের দেশ দারিদ্রতার সংকীর্ণতায় অবস্থান করছিলো তারপরও বিদেশি কোনো অর্থনৈতিক সাহায্য ছাড়াই আমরা পদ্মা সেতু স্থাপন করতে পেরেছি।” তিনি আরো বলেন, “আমাদের বিশ্ববিদ্যালয়ে অবকাঠামোগত অনেক সমস্যা রয়েছে তার মধ্যে দিয়েই আমাদের এগিয়ে যেতে হবে, সবাইকে নিজের বিবেকবোধ দিয়ে দায়িত্ব পালন করে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যেতে হবে।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সচিব ড. ফেরদৌস জামান। রিসোর্স পার্সন হিসেবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের উপ-পরিচালক বিষ্ণু মল্লিক প্রশিক্ষণ প্রদান করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার ও এপিএ ফোকাল পয়েন্ট এমেল হক মোল্লা।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল স্থায়ী কর্মচারীবৃন্দ (তৃতীয় শ্রেণী) প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।